**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 02-08-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ২০৪৭ –এ বিকশিত ভারতের লক্ষ্য অর্জনে অনুঘটক হিসেবে কাজ করার জন্য আইআইটি–আইএসএম ধানবাদের স্নাতক শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল ঝাড়খণ্ডে তার দু'দিনব্যাপী সফরের দ্বিতীয় দিনে ধানবাদের আইআইটি–আইএসএম এর ৪৫তম সমাবর্তন অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি এই আহবান জানান।

######Byte–President#######

*****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বারাণসীতে যাবেন। তিনি প্রায় ২,২০০ কোটি টাকার উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করবেন। এই উপলক্ষে প্রধানমন্ত্রী একটি জনসভায় ভাষণ দেবেন। আকাশবাণী সংবাদদাতা জানিয়েছেন যে, কৃষক কল্যাণের জন্য একটি যুগান্তকারী পদক্ষেপ হিসেবে, প্রধানমন্ত্রী বারাণসী থেকে পিএম–কিষাণ প্রকল্পের ২০তম কিস্তির টাকা হস্তান্তর করবেন, যার মাধ্যমে সারা দেশের ৯ কোটি ৭০ লক্ষেরও বেশি কৃষকের ব্যাংক অ্যাকাউন্টে সরাসরি ২০ হাজার ৫০০ কোটিরও বেশি টাকা দেওয়া হবে। এর ফলে এই প্রকল্পের আওতায় মোট বিতরনের পরিমান দাঁড়াবে ৩ লক্ষ ৯০ হাজার কোটিরও বেশি টাকা।

*************************

**PM–INDEPENDENCE DAY :**

ভারতের ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপনের প্রস্তুতি হিসেবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৫ই আগস্ট নয়াদিল্লির লালকেল্লার প্রাচীর থেকে তার ভাষণের জন্য চিন্তাভাবনা ও ধারণা শেয়ার করতে দেশের সমস্ত নাগরিকদের প্রতি আমন্ত্রণ জানিয়েছেন।

এক্স-এ শেয়ার করা এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, মাইগভ এবং নমো অ্যাপের ওপেন ফোরামে নাগরিকগণ তাদের চিন্তাভাবনা ও ধারণা  শেয়ার করতে পারবেন।

**********************

**Finance Minister :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় গতকাল আই.জি.এম হাসপাতালে আগরতলা সরকারী নার্সিং কলেজের দ্বিতীয় প্রতিষ্ঠা দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি বলেন, প্রতিটি জেলার মানুষ যেন নিজের জেলাতেই সঠিক স্বাস্থ্য পরিষেবা পান সেদিকে লক্ষ্য রেখে স্বাস্থ্যকেন্দ্রগুলির আধুনিকীকরণ করা হচ্ছে। বহির্রাজ্যে না গিয়ে রোগীরা যেন রাজ্যেই বিশেষজ্ঞ চিকিৎসকের পরিষেবা পান তারজন্য বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। বক্তব্য রাখেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যে।

******************************

**Suklachoron Noatia :**

সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়ার নেতৃত্বে আই.পি.এফ.টির এক প্রতিনিধিদল গতকাল নতুন দিল্লিতে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের সঙ্গে সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে তারা নির্বাচন কমিশনারের হাতে একটি স্মারকলিপি তুলে দেন। উপস্থিত ছিলেন নির্বাচন কমিশনার ডঃ সুখবীর সিং সন্ধু ও ডঃ বিবেক জোশি। আই.পি.এফ.টি দলের পক্ষে প্রতিনিধি দলে ছিলেন সভাপতি প্রেম কুমার রিয়াং, সহ সভাপতি কৃষ্ণকান্ত জমাতিয়া ও সাধারণ সম্পাদক স্বপন দেব্বর্মা।

*************************************

**SDG-West Tripura :**

সাস্টেনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি) বা টেকসই উন্নয়নের লক্ষ্যে পশ্চিম ত্রিপুরা জেলা উত্তর-পূর্বাঞ্চলের ৫টি শীর্ষ স্থানীয় জেলার মধ্যে স্থান পেয়েছে। এই মূল্যায়ণে পশ্চিম জেলা উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যের জেলাগুলির মধ্যে ফ্রন্টরানারের মর্যাদা পেয়েছে। যে সূচকগুলির উপর নির্ভর করে এই মূল্যায়ণটি করা হয়েছে সেগুলির মধ্যে রয়েছে ক্ষুধামুক্তি, টেকসই নগর, দায়িত্বশীল ব্যবহার, জলবায়ু পরিবর্তন ও স্থলজ জীবন ইত্যাদি।

*****************************

**Community Transplanting :**

মুখ্যমন্ত্রী সুসংহত শস্য ব্যবস্থাপনা প্রকল্পে উচ্চ ফলনশীল ও খরিফ মরসুমে উন্নত প্রজাতির হাইব্রিড ধানের চারার রোপণ কর্মসূচি গতকাল নলছড় কৃষি মহকুমার জুমেরঢেপা পঞ্চায়েত এলাকায় অনুষ্ঠিত হয়। বিজ্ঞানভিত্তিক চাষবাসের ক্ষেত্রে কি ধরনের কৌশল অবলম্বন করে উৎপাদন আরো বৃদ্ধি করা যায় সে বিষয়ে একেবারে ধানক্ষেতে নেমে চারা রোপন করে কৃষকদের হাতেকলমে দেখিয়ে দেন কৃষি আধিকারিক ও বিশেষজ্ঞরা। কর্মসূচিতে উপস্থিত ছিলেন নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান স্বপন কুমার দাস, ভাইস-চেয়ারপার্সন রীনা দেবনাথ প্রমুখ।

***********************

**SKILL DEVELOPMENT :**

যুব সমাজকে স্বনির্ভর করে তোলার লক্ষ্যে ত্রিপুরা স্কিল ডেভেলপমেন্ট মিশনের উদ্যোগে ধর্মনগরে মোটর ভেহিকেল ড্রাইভিং প্রশিক্ষণ কর্মসূচি গতকাল শুরু হয়েছে। এই প্রশিক্ষণে অংশ নিয়েছেন মোট ২২ জন প্রশিক্ষণার্থী।

***********************

**Nipun Tripura-South :**

দক্ষিণ জেলার ৬০৬টি স্কুলেও গতকাল থেকে নিপুন ত্রিপুরা মিশনের নানা কর্মসূচি শুরু হয়েছে। প্রাথমিক ও প্রাক-প্রাথমিক বিভাগের ছাত্র-ছাত্রীরা উৎসাহ নিয়ে কর্মসূচিতে অংশ নিয়েছে বলে জানান দক্ষিন জেলায় শিক্ষা দপ্তরের ওএসডি জীবন চন্দ্র দাস।

*******************************************

**Mission Sankalpa-Charilam :**

মিশন সংকল্পের মাধ্যমে সামাজিক সচেতনতা বৃদ্ধির মাধ্যমে বর্তমানে সিপাহীজলা জেলায় বাল্যবিবাহের হার কিছুটা নিম্নমুখী। গতকাল সাউথ চড়িলাম ইংলিশ মিডিয়াম স্কুলে বাল্যবিবাহ, নেশা ও কিশোরী অবস্থায় গর্ভধারণের কুফল নিয়ে সচেতনতামূলক আলোচনা সভায় বিশালগড়ের মহকুমা শাসক রাকেশ চক্রবর্তী একথা জানান।

**********************************

**School Safety Programme :**

বিপর্যয় মোকাবিলায় "স্কুল সুরক্ষা কর্মসূচি"(S.S.P) এর অধীনে ঊনকোটি জেলার বিভিন্ন বিদ্যালয়ে সচেতনতামূলক প্রয়াস চালানো হচ্ছে। ঊনকোটি জেলা প্রশাসন, শিক্ষা দপ্তরের উদ্যোগে ও NDRF এর সহযোগিতায় এই কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে।

*************************

**First Division :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় গতরাতের খেলায় নাইন বুলেটস ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় নাইন বুলেটস ক্লাব ৩-১ গোলে ফরোয়ার্ড ক্লাবকে পরাজিত করে।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, দক্ষিণ, গোমতী ও সিপাহীজলা জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বিনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৪ ডিগ্রী সেলসিয়াস। সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ২.৬ মিলিমিটার।

************************